দৈনিক ইত্তেফাক

তারিখ ... 28 NOV 1998 ...
পৃষ্ঠা ৪ কলাম ৫

# বেসরকারী কলেজে শিক্ষক নিয়োগে অনিয়ম

বেসরকারী কলেজে শিক্ষক নিয়োগে অনিয়ম সম্পর্কে দৈনিক ইত্তেফাকসহ পত্র-পত্রিকায় বহু লেখালেখি হইয়াছে। এই প্রসঙ্গে আমি আরো একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করিতে চাই। কোন কোন বেসরকারী কলেজে প্রভাষক-প্রভাষিকা হিসাবে মাষ্টার্স পরীক্ষা সমাপ্ত করিবার পূর্বেই নিয়োগ দেওয়া হয়। কিন্তু এই ধরনের কোন নিয়ম আছে কিনা তাহা আমার জানা নাই। সাধারণভাবে এইটুকু বলিতে পারি যে, স্নাতকোত্তর পরীক্ষায় অবতীর্ণ প্রার্থী হিসাবে কেহ দরখাস্ত জমা দিতে পারিলেও মৌখিক পরীক্ষার সময় পরীক্ষা পাসের সনদ প্রদর্শন করিতে হয়। কিন্তু এই নিয়ম ভঙ্গের অসংখ্য উদাহরণ আছে। আমার জানামতে, রাঙ্গামাটি মহিলা কলেজে এইভাবে একজনকে নিয়োগ দেওয়া হইয়াছে। গোপালগঞ্জের এক সভায় মননীয় প্রধানমন্ত্রী '৯৬ সালের ৮ই নভেম্বর সারাদেশের ১৮টি বেসরকারী মহিলা কলেজকে সরকারীকরণের ঘোষণা দেন। ঐ তারিখ হইতে কলেজগুলির যাবতীয় নিয়োগ, পদোন্নতি, স্থাবর-অস্থাবর সম্পত্তি হস্তান্তরের উপর সরকারীভাবে নিষেধাজ্ঞা আরোপ করা হয়। এই ১৮টি কলেজের মধ্যে রাঙ্গামাটি মহিলা কলেজও একটি। সরকারীকরণের তারিখ -অর্থাৎ'৯৬ সালের ৮ই নভেম্বরে স্নাতকোত্তর পরীক্ষা যাহার আরম্ভই হয় নাই তাহাকে উক্ত কলেজে নিয়োগদানের বৈধতা কতটুকু, তাহাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জিজ্ঞাসা।

জান্নাতুল ফেরদৌস ঝর্ণা,
'স্নেহ নীড়',
ঠাকুরপাড়া, কুমিল্লা।